গাংনীর ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি ৮৪ ব্যাচের মিলনমেলা অনুষ্ঠিত

মেহেরপুর জেলার ব্যাচ চুরাশিয়ানদের উদ্যোগে এসএসসি ১৯৮৪ ব্যাচের মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার দিনব্যাপী ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয় চত্বরে এ মিলনমেলা অনুষ্ঠিত হয়।

ব্যাচের গাংনীর আহবায়ক কাজিপুর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক গোলাম কিবরিয়ার সভাপতিত্বে এবং বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ রেডিওর জনপ্রিয় শিল্পী আব্দুর রশিদের সঞ্চালনায় অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষনা করা হয়।

অনুষ্ঠানের শুরুতে রেজিষ্ট্রেশন, নাস্তা ও বিভিন্ন গিফট আইটেম সরবরাহ করা হয়। ব্যাচের যে সকল বন্ধুরা মুত্যুবরন করেন তাদের জন্য দোয়া ও মাগফিরাত কামনা করা হয়। ব্যাচের সৈয়দ জাকির হোসেনের গ্রন্থনা ও পরিচালনায় এই অঞ্চলের নীল কুঠি অবলম্বনেলেখা বিশেষ নাটক ” সমঝোতা ” মন্ঞায়ন করা হয় ।

নাটকটিতে ব্রিটিশ শাসনের সময় নীলচাষ ও তাদের অত্যাচারের কাহিনী ফুটিয়ে তোলা হয়। বিভিন্ন চরিত্রে ব্যাচের বন্ধুরা অভিনয় করেন। অনুষ্ঠানে যাচের বন্ধুদের পরিচয়ের মধ্যে দিয়ে বন্ধু মিলনমেলার সার্থকতায় রুপ নেয়। সকল পদপদবী, সামাজিক অবস্থান বাদ দিয়ে শুধু ব্যাচ ৮৪ এই পরিচয়ে সবাই একত্রিত হয়েছিল। ৪০ বছর আগে এসএসসি পাশ করা বন্ধুরা উপস্থিত হতে পেরে তাদের সুখকর অনুভুতি ব্যাক্ত করছিল। সকলের বয়স ৫৫ বছরের অধিক হলেও অনুষ্ঠানে তাদের উচ্ছাস ছিল বাধাহীন। দীর্ঘদিন একজন আরেকজনের সাথে মিলিত হতে পেরে সবাই খুব খুশী ও আনন্দিত। অনুষ্ঠানের শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও আকর্ষণীয় র্রেফেল ড্র অনুষ্ঠিত হয়। ব্যাচ চুরাশিয়ান এর পক্ষ থেকে।

অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিলেন লিটন মুন্সী, কাজিপুর ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মকলেচুর রহমান, জহুরুল হক গামা, সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলি ভুট্টো,জাহাঙ্গীর হোসেন বিশ্বাস, সাবেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান চেয়ারম্যান আখেরুজ্জামান , মোর্তুজা আলম বুলবুল, ইডেন মহিলা কলেজের প্রফেসর

রেহেনা পারভীন,প্রধান শিক্ষক নাসিমা ইয়াসমিন, প্রধান শিক্ষক আব্দুল মান্নান , প্রধান শিক্ষক মাহবুবুর রহমান কাজল সহ মেহেরপুর জেলাসহ পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া জেলার এসএসসি ১৯৮৪ সালের বন্ধুরা উপস্থিত ছিলেন ।